ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
********

স-২৫৩৬
আগরতলা, ২৪ জানুয়ারি ২০২৪

**পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কর্মবিষয়ক স্থায়ী কমিটির সভা**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে গত ২২ জানুয়ারি জিলা পরিষদের কর্মবিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। কমিটির সভাপতি উত্তম দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী, সহসভাধিপতি বিশ্বজিৎ শীল, কমিটির অন্যান্য সদস্য-সদস্যাগণ ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় পূর্ত দপ্তরের জিরানীয়া প্রতিনিধি জানান, চলতি বছরে জিরানীয়া মহকুমায় ১১১.৩০১ কিলোমিটার রাস্তার সংস্কার ও উন্নয়ণের লক্ষ্যমাত্রা ছিল। ইতিমধ্যে ৮৮.৯২০ কিলিমিটার রাস্তার সংস্কার ও উন্নয়ন কাজ শেষ করা হয়েছে। এই কর্মসূচি বাস্তবায়ণে ১ কোটি ৭৮ লক্ষ ৩৪ হাজার ৫০০ টাকা ব্যয় করা হচ্ছে। পূর্ত দপ্তরের মোহনপুর প্রতিনিধি সভায় জানান, চলতি বছরে মোহনপুর মহকুমায় এবছর ২৪টি রাস্তার উন্নয়ন ও সংস্কার করার লক্ষ্যমাত্রা ছিল। এর মধ্যে ১২টি রাস্তার উন্নয়ন ও সংস্কার করা হয়েছে। ১২টি রাস্তার উন্নয়ন কাজ চলছে। এই কর্মসূচি বাস্তবায়ণে ব্যয় হচ্ছে ৩ কোটি ৩৮ লক্ষ ৭৯ হাজার ৬৪১ টাকা। পূর্ত দপ্তরের বিশালগড় প্রতিনিধি সভায় জানান এবছর রাস্তা সংস্কার প্রকল্পে জেলার ডুকলি ব্লকের বিভিন্ন পঞ্চায়েতে ১৬টি রাস্তার মধ্যে ১০টি রাস্তার সংস্কার কাজ শেষ হয়েছে। ৬টি রাস্তার উন্নয়ন কাজ চলছে। এই কর্মসূচি বাস্তবায়ণে ২ কোটি ৩৫ লক্ষ ৮৩ হাজার ৪০০ টাকা ব্যয় হচ্ছে। সভায় বিদ্যুৎ নিগমের প্রতিনিধি জানান, চলতি বছরে পূর্ব চাম্পামুড়া গ্রামপঞ্চায়েতে ২০টি ভূমিহীন পরিবারকে বিনামূল্যে ৬টি বৈদ্যুতিক খুঁটি সহ বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা করে দেওয়া হয়েছে। সভায় গ্রাম উন্নয়ন দপ্তরের প্রতিনিধিও জেলার বিভিন্ন পরিকাঠামোমূলক কর্মসূচি নিয়ে পর্যালোচনা করেন।

*****